কালীগঞ্জে কৃষককে কুপিয়ে হত্যার ১২ ঘন্টার মধ্যেই প্রধান আসামি গ্রেপ্তার

ছাগল বিক্রির পাওনা ৩০০ টাকা দ্বন্দ্বের জের ধরে কৃষক আমিরুল ইসলাম বিশ্বাস কে কুপিয়ে হত্যার প্রধান আসামি শাহিন মণ্ডল ওরফে জাম্বু (৩৬) কে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার রাতেই নিহতের স্ত্রী রমেচা বেগম বাদি হয়ে শাহিনকে আসামি করে কালীগঞ্জ থানায় একটি হত্যা মামলা করে। ঘটনার পর পুলিশ অভিযান চালিয়ে ওই রাতেই উপজেলার খেদাপাড়া গ্রামের একটি নির্মাণাধীন স্কুলের মধ্যে থেকে তাকে গ্রেপ্তার করে। এ সময় হত্যাকাজে ব্যবহৃত একটি হাসুয়া দা উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃত শাহিন মণ্ডল দৌলতপুর গ্রামের মৃত শামসুল মণ্ডলের ছেলে।

কালীগঞ্জ থানার অফিসার-ইন-চার্জ (ওসি) মুহাঃ মাহফুজুর রহমান মিয়া জানান, কয়েকদিন আগে দৌলতপুর গ্রামের শামসুল ইসলামের ছেলে শাহিনের নিকট থেকে একটি ছাগল ক্রয় করে নিহত আমিরুল ইসলামের ফুপাতো বোন জামায় বিশারত আলী। এ নিয়ে ২ দিন আগে ক্রেতা বিশারত ও বিক্রেতা শাহিন হোসেনের মাঝে বাক-বিতন্ডা হয়। বিষয়টি ওইদিন আমিরুল ইসলাম মিটিয়ে দেয়।
শুক্রবার সকালে শালিসী নিয়ে আমিরুল ইসলামের সাথে শাহিনের কথা- কাটাকাটি হয়। এরই জের ধরে রাতে বাজার থেকে বাড়ি ফেরার পথে আমিরুলকে কুপিয়ে গুরুতর আহত করে পালিয়ে যায় শাহিন। সেখান থেকে তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক আমিরুলকে মৃত ঘোষণা করে। নিহত আমিরুল ইসলাম
(৪৫) দৌলতপুর গ্রামের মৃত জবেদ আলী বিশ্বাসের ছেলে।

ঘটনার পর থেকে পুলিশ হত্যার সাথে জড়িত শাহিনকে গ্রেপ্তারের জন্য জরালো অভিযান শুরু করে। হত্যাকাণ্ডের ১২ ঘন্টার মধ্যেই শুক্রবার রাতে খেদাপাড়া থেকে শাহিনকে গ্রেপ্তার করা হয়। এ সময় হত্যাকাণ্ডে ব্যবহৃত হাসুয়া দা উদ্ধার করা হয়। তাকে জেল-হাজতে পাঠানোর প্রক্রিয়া চলছে বলেও ওসি জানান।

[redacted]

[redacted]

এরপর দুই দফায় ৭২ ঘণ্টা করে পর্যবেক্ষণে রাখে মেডিকেল বোর্ড। এর মধ্যেই পরপর তিনবার নমুনা পরীক্ষা করে করোনাভাইরাসের উপস্থিতি পাওয়া যায়নি তার শরীরে।

মোহাম্মদ নাসিম সরকারের খাদ্য মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি ছিলেন। তিনি আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য। এ ছাড়া আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলের মুখপাত্রও ছিলেন তিনি। সূত্র- যুগান্তর

চলে গেলেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী নাসিম

আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, কেন্দ্রীয় ১৪ দলের মুখপাত্র ও সাবেক স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম আর নেই। তার ছেলে তানভীর শাকিল জয় এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। আজ শনিবার সকালে চিকিৎসাধীন অবস্থায় মোহাম্মদ নাসিম শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর।

গত ১ জুন জ্বর-কাশিসহ করোনাভাইরাসের লক্ষণ নিয়ে ঢাকার হাসপাতালে ভর্তি হন মোহাম্মদ নাসিম। রাতে করোনা পরীক্ষার ফল পজেটিভ আসে।শুক্রবার ভোর সাড়ে ৫টায় মোহাম্মদ নাসিমের ব্রেন স্ট্রোক হয়। হাসপাতালের নিউরোসার্জন অধ্যাপক রাজিউল হকের নেতৃত্বে কয়েক ঘণ্টায় তার অস্ত্রোপচার সফল হয়। স্ট্রোকের পর থেকেই তিনি অচেতন অবস্থায় ভেন্টিলেশন সাপোর্টে ছিলেন।

মোহাম্মদ নাসিম স্ত্রী, তিন ছেলে ও নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। আজ সকালে তার মৃত্যুর খবর শুনে হাসপাতালে ছুটে যান দীর্ঘদিনের রাজনৈতিক সহকর্মীসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ বিভিন্ন দলের নেতা-কর্মীরা।

১৯৭৫ সালের ৩ নভেম্বর কারাগারে নিহত জাতীয় চার নেতার একজন শহীদ এম মনসুর আলীর ছেলে মোহাম্মদ নাসিম পঞ্চমবারের মতো সংসদে

সিরাজগঞ্জের মানুষের প্রতিনিধিত্ব করেছেন। আওয়ামী লীগ ১৯৯৬ সালে সরকার গঠন করার পর ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের দায়িত্ব পান মোহাম্মদ নাসিম। পরের বছর মার্চে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের দায়িত্বও তাকে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

নাসিম এক সঙ্গে দুই মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করেন ১৯৯৯ সালের ১০ মার্চ পর্যন্ত। পরে মন্ত্রিসভায় রদবদলে তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পান। ২০০৮ সালে নির্বাচনে জয়ী হয়ে আওয়ামী লীগ ক্ষমতায় ফিরলেও সেবার মন্ত্রিসভায় জায়গা হয়নি নাসিমের। তবে পরের মেয়াদে ২০১৪ সালে তাকে স্বাস্থ্যমন্ত্রী করেন শেখ হাসিনা। বর্তমান সরকারের মন্ত্রিসভায় না থাকলেও দলীয় কর্মকাণ্ডের পাশাপাশি আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের মুখপাত্রের দায়িত্ব পালন করেছেন মোহাম্মদ নাসিম।

সূত্র- বিডি প্রতিদিন

দেশে করোনায় মৃত্যু ও শনাক্তের নতুন রেকর্ড

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৯৫ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ৪৭১ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৮১ হাজার ৫২৩ জন। দেশে একদিনে মৃত্যু ও আক্রান্তের সংখ্যার হিসাবে এটিই সর্বোচ্চ।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫০২ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ২৪৯ জন। শুক্রবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৬ হাজার ৯৫০টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১৫ হাজার ৯৯০টি নমুনা পরীক্ষা করে পরীক্ষা করে ৩ হাজার ৪৭১ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ৮১ হাজার ৫২৩ জন। শনাক্তের হার ২১ দশমিক ৭১

শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ ৪৬ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩৭ জন ও নারী ৯ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ৯৫ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫০২ জন এবং মোট সুস্থ হয়েছেন ১৭ হাজার ২৪৯ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ২১ দশমিক ১৬ শতাংশ এবং মৃত্যুর হার ১ দশমিক ৩৪ শতাংশ।

ডা. নাসিমা জানান, বয়স বিশ্লেষণে ২১-৩০ বছরের মধ্যে একজন, ৩১-৪০ বছরের মধ্যে ৬ জন, ৪১-৪০ বছরের মধ্যে ৩ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১২ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১৫ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৭ জন, ৮১-৯০ বছরের মধ্যে একজন এবং ১০০ বছরের বেশি একজন মারা গেছেন।

তিনি আরও জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ১৯ জন, চট্টগ্রামে ১১ জন, সিলেটে ৩ জন, রাজশাহীতে ২ জন, বরিশালে ৩ জন, রংপুরে ৫ জন, খুলনায় একজন এবং ময়মনসিংহে ২ জন মৃত্যুবরণ করেছেন। এর মধ্যে হাসপাতালে মারা গেছেন ৩২ ও বাসায় ১৪ জন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

জমি বিক্রির টাকা লুট করতে খুন

করা হয় সুন্দরী বেগমকে – পুলিশ সুপার

জমি বিক্রির টাকার লুট করতে খুন করা হয় মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামুন্দী এলাকার সুন্দরী বেগম। সুন্দরী বেগমের একটি জমি আছে যে জমি ২ লক্ষ ৫০ হাজার টাকায় বিক্রির প্রস্তুতি নিচ্ছিলেন। সুন্দরী ক্রেতার নিকট থেকে ৫০ হাজার টাকা অগ্রিম নিয়েছিলেন। সেই টাকা ছিনতাই করতে একজন সহযোগীকে নিয়ে সুন্দরীকে হত্যা করে ভাসুরের ছেলে জামিরুল ইসলাম।

শুক্রবার সকালে মেহেরপুর পুলিশ সুপারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত প্রেস ব্রিফিংয়ে এ তথ্য তুলে ধরেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী।

পুলিশ সুপার বলেন, মামলাটি অতি গুরুত্বপূর্ণ ও চাঞ্চল্যকর হত্যা মামলা হিসেবে আমলে নিয়ে রহস্য উদঘাটন করার জন্য জেলা গোয়েন্দা শাখাকে দায়িত্ব দেওয়া হয়। জেলা গোয়েন্দা শাখার ভারপ্রাপ্ত ওসি জুলফিকার আলীর তদন্ত শুরু করেন। পুলিশের আধুনিক তথ্য ও প্রযুক্তির মাধ্যমে ডিবির একটি চৌকস টিমের সহযোগীতায় হত্যার সাথে সরাসরি সম্পৃক্ত আসামী জামিরুল ইসলাম (৩৩)কে আটক করা হয়। জামিরুল ইসলাম কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার শিতলাইপাড়ার আবু আফফান এর ছেলে। তবে তার সহযোগী পলাতক রয়েছে।

তিনি আরো জানান, আসামি আটকের পর ফৌজদারী কার্যবিধির ১৬৪ ধারায় হত্যার সাথে জড়িত থাকার কথা স্বীকার করে এবং জমি বিক্রি টাকা হাতিয়ে নেওয়ার চেষ্টার কথাও স্বীকার করে। টাকা দিতে না চাইলে জামিরুল তার সহযোগীকে নিয়ে এ হত্যাকান্ডের ঘটনা ঘটায়। সুন্দরী বেগমের গলায় শাড়ি জড়িয়ে তাকে হত্যা করে। এসময় রুস্তুম আলী বাঁধা দিলে হাত কুড়াল দিয়ে তার উপরও হামলা চালায় আসামিরা। দুজনই মারা গেছে ভেবে আসামিরা সেখান থেকে পালিয়ে যায়। তবে এ হত্যাকান্ডের সাথে আরো কেউ জড়িত আছে কিনা সে বিষয়ে তদন্ত অব্যাহত রয়েছে।

প্রেস ব্রিফিংয়ে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার(পুলিশ সুপার পদ মর্যাদা) শেখ জাহিদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোস্তাফিজুর রহমান, সহকারী পুলিশ সুপার হাসিবুল আলম, ওসি ডিবি জুলফিকার আলীসহ স্থানীয় সাংবাদিকরা ।

উল্লেখ্য, গত ২৮ মে গাংনীর বামুন্দীতে একটি পরিত্যক্ত বাড়ি থেকে

সুন্দরী বেগম নামের এক মহিলার লাশ উদ্ধার করে পুলিশ। একই ঘরের চৌকির উপর থেকে সুন্দরীর স্বামী রুস্তম আলীকে আহত অবস্থায় উদ্ধার করা হয়।

প্রধানমন্ত্রীর কারামুক্তি দিবস উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের দোয়া মাহফিল

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকালে সামাজিক দুরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে মেহেরপুর পৌরসভার সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন। তিনি বলেন, কেন্দ্রীয় নির্দেশনা মোতাবেক সীমিত আকারে দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

আমরা একটি দুঃসময়ের মধ্য দিয়ে সময় পার করছি। এই সময়ের আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে। কোভিড-১৯ মোকাবিলায় সবাইকে এগিয়ে আসতে হবে।

আমরা লক্ষ্য করছি যুবলীগকে পথভ্রষ্ট করার জন্য কিছু কু চক্রি মহল কাজ করছে। আমরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক নির্দেশনায় ও কেন্দ্রীয় যুবলীগের সভাপতি, সাধারণ সম্পাদকের নেতৃত্বে মেহেরপুরে একটি সচ্ছ যুবলীগ প্রতিষ্ঠিত করবো। এ সময় উপস্থিত ছিলেন পৌর ২ নং ওয়ার্ডের কাউন্সিলর আল মামুন, কুতুবপুর ইউনিয়ন ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা সহ যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মিরা।

পরে দোয়া মাহফিল পরিচালনা করেন পৌর মসজিদের ইমাম জাহিদুল ইসলাম। সঞ্চালনা করেন জেলা যুবলীগের সদস্য সাজিজুর রহমান সাজু।

[redacted]

[redacted] [redacted] [redacted] [

উল্লখ্য: মেহেরপুর জেলায় মোট করোনায় আক্রান্ত সর্বশেষ প্রাপ্ত হিসাব সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ১৫১২ টি, সর্বমোট ফলাফল এসেছে ১৩৬৯ টি, নেগেটিভ ১৩৩৬ টি, পজেটিভ ৩৩+১ = ৩৪ টি (মৃত্যু ২ সুস্হ ৮ বাঁকি ২৪ জন এখনো ভালো আছে)

মুজিবনগরের রশিকপুর বিদ্যালয়টি চালু করার জন্য স্মারকলিপি প্রদান

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়টি চালু করার দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ওসমান গনির হাতে স্মারকলিপি তুলে দেন মোনাখালী ৯নং ওয়ার্ড ইউপি সদস্য জহির উদ্দীন খান।

এসময় উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান। ইউপি সদস্য জহির উদ্দীন খান বলেন, রশিকপুর গ্রামে কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। শিশুদের শিক্ষা নিতে যেতে হয় কয়েক কিলোমিটার দুরে পার্শ্ববর্তী প্রতিষ্ঠানে।

এজন্য ২০০৩ সালে সেকেন্ডারি এ্যাডুকেশন সেক্টর ইমপ্রুভমেন্ট প্রজেক্টের আওতায় এক কোটি টাকা ব্যায়ে নির্মান করা একটি বিদ্যালয়ের অবকাঠামো। কিন্তু স্থানীয় কিছু অসাধু রাজনৈতিক ক্ষমতাশালী লোক ও কয়েকজন প্রধান শিক্ষকের কু চক্রে বিদ্যালয়টি চালু হয়নি। স্থানীয় সংসদ সদস্য, জেলার উচ্চ পর্যায়ের কর্মকর্তারা বিভিন্ন সময় বিদ্যালয়টি খোলার প্রতিশ্রুতি দিলেও ১৬ বছর পার হলেও বাস্তবায়ন করেনি কেও। এটা নিয়ে বিভিন্ন পত্রিকায় লেখালেখি করা হলেও আমলে নেইনি সরকার।

উল্লেখ্য, মামলা জটিলতার কারনে ১৬ বছরেও শিক্ষা কার্যক্রম এখনো শুরু করা যায়নি। রক্ষনাবেক্ষনের অভাবে চুরি হয়েছে বিদ্যালয়টির আসবাবপত্র, বৈদুতিক ফ্যান, সুইজ, জানালার গ্রিল। ভেঙ্গে পড়ে

রয়েছে কাচেঁর জানালা। রাতের বেলায় মাদকসেবিদের আড্ডা বসে।

বিদ্যালয়টির জমি নিয়ে জেলা ও দায়রা জজ আদালতের একটি মামলার নিষ্পত্তি না হওয়ায় এই অবস্থার সৃষ্টি হয়েছে বলে মাধ্যমিক শিক্ষা কার্যালয় সুত্র জানিয়েছে। স্থানীয় ব্যক্তিরা বলেন, পাঠদান শুরু করার যাবতীয় উপকরণ ওই ভবনে ছিল। বিদ্যালয়ের সামনে বড় একটি খেলার মাঠ রয়েছে। শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু হচ্ছিল। কিন্তু আইনি জটিলতায় বিদ্যালয়টি উদ্বোধন করা যায়নি। গ্রামে এটি ছাড়া আর কোনো মাধ্যমিক বিদ্যালয় নেই। গ্রামের ৩৫০জন শিক্ষার্থীকে কয়েক কিলোমিটার দূরে বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে পড়াশোনা করতে হচ্ছে। অথচ হাতের কাছেই শিক্ষাপ্রতিষ্ঠান আছে, কিন্তু সেটি চালানো হচ্ছে না। জেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় জানায়, শিক্ষাক্ষেত্রে পিছিয়ে পড়া গ্রাম মেহেরপুর মুজিবনগর উপজেলার রশিকপুর।

২০০৩ সালে সেকেন্ডারি এ্যাডুকেশন সেক্টর ইমপ্রুভমেন্ট প্রজেক্টের আওতায় এক কোটি টাকা ব্যায়ে নির্মিত হয় বিদ্যালয়ের অবকাঠামো। ২০০৩ সালে শিক্ষাক্ষেত্রে পিছিয়ে পড়া দেশের ৫৪ টি উপজেলায় এ প্রকল্পের আওতায় ৫৪ টি বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। তার মধ্যে ৫৩ টি বিদ্যালয় এমপিওভূক্ত হয়েছে। সরেজমিনে গত বুধবার রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে দির্ঘ ১৬ বছরে প্রতিষ্ঠানটি পড়ে থেকে ভুতের বাড়িতে পরিণত হয়েছে।

দুতলা বিশিষ্ট ভবনের প্রতিটি জানালার কাচঁ চুরি হয়েছে। গ্রিল ভেঙ্গে ভেতর থেকে চেয়ার বেঞ্চ টেবিল ওধাও হয়েছে। সিলিং ফ্যানর ও বৈদুতিক সুইজ গায়েব। এমনকি দেয়ালে সুইজ লাগানো প্লাস্টিকের বোর্ড গুলোও চুরি হয়ে গেছে। বাথরুমের পানির ট্যপ হারিয়েছে। দেয়াল বেয়ে ওঠেছে সেওলা। ২০১৬ সালের মার্চে রশিকপুর গ্রামের শিক্ষার্থীরা বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয় থেকে বাড়ি ফেরার পথে ভৈরব নদে নৌকাডুবে সপ্তম শ্রেনীর শিক্ষার্থী ববিতা আক্তার ও তানিয়া খাতুন মারা যায়। তানিয়া খাতুনের পিতা হাবিবুর রহমান বলেন, “গ্রামের (রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়) বিদ্যালয়টি চালু না হওয়ার কারণে সব শিক্ষার্থীদের ৫ কিলোমিটার দুরে অবস্থিত বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশোনা করতে যেতে হয়। আমার মেয়েও বিদ্যালয়ে পড়তো। একদিন পরিক্ষা দিয়ে বাড়ি ফিরছিল ভৈরব নদে গ্রামের ৩০জন শিক্ষার্থীকে নিয়ে তলিয়ে যায় তাদের নৌকা।

আমার মেয়ে তানিয়া ও ববিতা ডুবে মারা যায়। গ্রামের বিদ্যালয়টি

শারীরিক ও মানসিক নির্যাতনে দন্ত চিকিৎসক হাবিবা

জমি জমা সংক্রান্ত বিরোধের জের ধরে ভায়ের নির্যাতন ও নিরাপত্তাহীনতায় ভূগছেন ডা: উম্মে হাবিবা। ভাই কর্তৃক শারীরিক ও মানসিক নির্যাতনে আহত হয়ে থানায় একটি অভিযোগ দায়ের করেছেন তিনি। ঘটনাটি ঘটেছে মেহেরপুরের গাংনী থানা পাড়ায়। ডাঃ হাবিবার পিতার নাম নুরুল ইসলাম। তিনি ঢাকার মিরপুরের স্কাই ল্যাব ডেন্টাল কেয়ারের একজন ডেন্টিস হিসেবে কর্মরত।

ডাঃ হাবিবা জানান, পৈত্রিক সুত্রে তিনি বাড়িসহ অন্ততঃ দু’কোটি টাকার সম্পত্তির দাবীদার। এ দাবীর প্রেক্ষিতে তার ভাই আওয়ামীলীগ নেতা সবুক্তিগীণ মাহমুদ পলাশের সাথে বিরোধে জড়িয়ে পড়েন। বুধবার দুপুরে এ নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে সবুক্তগীণ মাহমুদ পলাশ হাবিবাকে প্রচন্ড মারধর করেন ও গৃহবন্দী করেন। তাকে চিকিৎসা নিতে আসতেও দেয়নি। বৃহষ্পতিবার সকালে সবার অগোচরে ডাঃ হাবিবা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন ও সাংবাদিকদের কাছে নির্যাতনের বর্ণনা দেন।

ডাঃ হাবিবা আরো জানান, বেশ কিছুদিন আগ থেকেই পৈত্রিক সম্পত্তি আত্মসাত করার অভিপ্রায়ে লিপ্ত। মাঝে মধ্যে পলাশ নির্যাতন করাসহ জিবন নাশের হুমকী দেয়। এমনকি বাবা নুরুল ইসলামকেও নির্যাতন করতে দ্বীধা করে নি পলাশ। নিজেকে ক্ষমতাসীন দলের লোক পরিচয় দিয়ে বিভিন্ন ভাবে প্রশাসনিক ফায়দা লুটার কারণে তেমন কোন সুরাহা করতে পারেনি পুলিশ।

এদিকে ভাই সবুক্তিগীণ পলাশ জানান, পারিবারিক বিষয় নিয়ে ভাই বোনদের মধ্যে বিবাদ থাকতেই পারে। একটি অভিযোগ দেয়া হয়েছে তা নিয়ে থানায় বসতে হবে। ইতোপূর্বে বোন হাবিবা ফুসলিয়ে তার বাবা মাকে নিয়ে মেহেরপুর আদালতে গিয়ে ঢাকার জমি বিক্রির জন্য পাওয়ার অব অ্যাটর্নি করতে যায় কিন্তু বাঁধার মুখে ফিরে আসে। এ থেকেই বোনের সাথে দ্বন্দ্ব।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ওবাইদুর রহমান জানান, ডাঃ হাবিবার লিখিত একটি অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি নিয়ে উভয় পক্ষকে ডেকে গাংনী থানায় বসা হবে। মিমাংসা না হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।